বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
সাধারণ শাখা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১ সালের ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ রকিব হোসেন এনডিসি রেক্টর
সভার তারিখ	১৬ মার্চ ২০২১
সভার সময়	বেলা ০২:৩০ টা
স্থান	রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর পরিচালক (প্রশাসন)-কে আলোচ্যসূচি মোতাবেক উপস্থাপনের অনুরোধ জানানো হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ভিত্তিক আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্র:ন:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৮/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত ১ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীই-নথির মাধ্যমে সকল কর্মকর্তার মাঝে জারি করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	২০২১ সালে অনুষ্ঠিত ১ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন/ সংশোধন না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন	কেন্দ্রের প্রবিধানমালা সংশোধন করে ২৯ জুন ২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রবিধানমালা অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	প্রবিধানমালা অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	ক) কেন্দ্রের অর্গানোগ্রাম সংশোধন করে ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্গানোগ্রাম অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। খ) নতুন পদ সৃষ্টির চাহিদা চেয়ে বিভিন্ন বিভাগ/অনুবিভাগে অনানুষ্ঠানিক পত্র দেয়া হয়েছিল। তৎপ্রেক্ষিতে লাইব্রেরী অনুবিভাগ, কম্পিউটার অনুবিভাগ এবং আঞ্চলিক কেন্দ্র রাজশাহীর জন্য নতুন পদ সৃষ্টির প্রস্তাব পাওয়া গেছে। নতুন পদের চাহিদা চেয়ে গত ৯ মার্চ ২০২১ তারিখে বিভিন্ন বিভাগ/অনুবিভাগে তাগিদ পত্র দেয়া হয়েছে। অন্যান্য বিভাগ/অনুবিভাগ হতে নতুন পদ সৃষ্টির চাহিদা পাওয়া গেলে কেন্দ্রের বিদ্যমান বিভিন্ন ক্যাটেগরির পদের সাথে সমন্বয় করে প্রয়োজনীতার নিরিখে মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিষ্ট মোতাবেক নতুন পদ সৃষ্টির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	ক) কেন্দ্রের অর্গানোগ্রাম অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) অন্যান্য বিভাগ/অনুবিভাগ হতে নতুন পদ সৃষ্টির চাহিদা পাওয়ার পর কেন্দ্রের বিদ্যমান বিভিন্ন ক্যাটেগরির পদের সাথে সমন্বয় করে প্রয়োজনীতার নিরিখে মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিষ্ট মোতাবেক নতুন পদ সৃষ্টির নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) এবং পরিচালক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি এবং বাজেট ম্যানেজমেন্ট কমিটি গঠন	ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করা হচ্ছে। ত্রি-পক্ষীয় অডিট কমিটির আহবায়কের সাথে যোগাযোগ/সভা করে অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে বলা হয়। খ) সাভার পৌরসভা ব্যয়বহুল হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিপিএটিসিকে সাভার পৌরসভার অন্তর্ভূক্ত করার বিষয়ে সাভার পৌরসভায় পত্র দেয়া হয়েছে। সাভার পৌরসভা হতে কিছু তথ্য চাওয়া হয়েছে মর্মে সভায় জানানো হয়।	ক) ত্রি-পক্ষীয় অডিট কমিটির আহবায়কের সাথে যোগাযোগ/সভা করে অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) বিপিএটিসিকে সাভার পৌরসভার অন্তর্ভূক্তকরণ বিষয়ে সাভার পৌরসভার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ/সেবা)
৫	ই-নথি কার্যক্রম	ই-নথি কার্যক্রম অব্যাহত আছে। যে সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে করা সম্ভব সেগুলো ই-নথির মাধ্যমেই সম্পন্ন করা হচ্ছে। কম্পিউটার ল্যাব হতে ১৫ দিন পর পর ই-নথি কার্যক্রমের প্রতিবেদন প্রকাশসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীকে ই-নথি আইডিতে প্রাপ্ত ডাক যথারীতি নিষ্পন্ন করার জন্য তাগিদ পত্র দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	ই-নথি কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। ই-নথি ব্যবহারকারীদের প্রতিদিন ই-নথি আইডিতে প্রাপ্ত ডাক যাথারীতি নিষ্পন্ন করতে হবে। এছাড়া, অনিষ্পন্ন ডাক নিষ্পন্ন করার জন্য কেন্দ্রের ই-নথি এডমিন হতে সংশ্লিষ্টদের তাগিদ পত্র দিতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিষ্ট (অ. দা.), সহকারী প্রোগ্রামার-৪ এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী
৬	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	e-GP বিষয়ে ২০২০-২০২১ অর্থবছরে APA এবং NIS এ নির্ধারণকৃত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। বর্তমান অর্থবছরে e-GP-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা /শাখার কর্মকর্তাদের আরো তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়।	e-GP বিষয়ে APA এবং NIS কর্মপরিকল্পনায় নির্ধারণকৃত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা/শাখার কর্মকর্তাদের আরো তৎপর হতে হবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ)
৭	ওয়েবসাইট আপডেট/ আধুনিকায়ন	কেন্দ্রের ওয়েবসাইট ডিজাইন/হালনাগাদ করার জন্য গঠিত কমিটি কারিগরি বিনির্দেশ ও দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুতের কাজ শুরু করেছে। পরবর্তী কার্যক্রমের জন্য নথি প্রোগ্রামার এর নিকট প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।	বিপিএটিসি'র ওয়েবসাইরেট সৌন্দর্য বৃদ্ধি ও আধুনিকায়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (টিওটি)
৮	Citizen Charter হালনাগাদকরণ	কেন্দ্রের Citizen Charter হালনাগাদ করা হয়েছে। Citizen Charter মোতাবেক সেবা প্রদান ব্যত্যয় ঘটলে অভিযোগ প্রতিকার ব্যবস্থা রয়েছে। এছাড়া, অফলাইন এবং অনলাইনে অভিযোগ করার ব্যবস্থা আছে। প্রণয়নকৃত Citizen Charter এমডিএসদের মতামতের জন্য হার্ডকপি প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	প্রণয়নকৃত Citizen Charter-এর হার্ডকপি এমডিএসদের মতামতের জন্য প্রেরণ করতে হবে। এমডিএসদের মতামত/পরামর্শ থাকলে সেগুলো সমন্বয় করে Citizen Charter হালনাগাদ করতে হবে। বাস্তবায়নে: GRS কর্মকর্তা এবং পরিচালক (প্রশাসন)
৯	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন	২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। কেন্দ্রে ২৮ জানুয়ারি ২০২১ তারিখে কেন্দ্রের ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। ১৫ মার্চ ২০২১ তারিখে ৩য় প্রান্তিকের প্রতিবেদন প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুসরণ করে কেন্দ্রের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা প্রণয়ন করতে হবে। এবিষয়ে এমডিএস (পিএন্ডএস) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুসরণ করে কেন্দ্রের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা প্রণয়ন করতে হবে। এ বিষয়ে এমডিএস (পিএন্ডএস) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন)

১০	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন	বিপিএটিসি'র ২০২০-২০২১ অর্থবছরের APA শতভাগ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে।বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট APA সফ্‌ওয়্যারে আপলোড করা হচ্ছে। ২০২০-২০২১ অর্থ বছরে কেন্দ্রের একজন কর্মচারীকে APA প্রণোদনা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের APA শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আরো কার্যকরি পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	ক) ২০২০-২০২১ অর্থবছরের APA বাস্তবায়নে যে সকল চ্যালেঞ্জ রয়েছে সেগুলো চিহ্নিত করতে হবে। এছাড়া, APA শতভাগবাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট অনুবিভাগ
১১	ইনোভেশন টিম এর কার্যক্রম	ইনোভেশন কার্যক্রম অব্যাহত আছে। ২৮ জানুয়ারি ২০২১ তারিখে ইনোভেশন পুরস্কার প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রের ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি ও প্রশাসন অনুবিভাগ
১২	বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম	ক) আরপিএটিসি, ঢাকার নতুন ভবনের সংশোধিত নকশা প্রণয়নের জন্য প্রধান স্থপতি বরাবর ২২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত নকশা প্রণয়নের বিষয়ে প্রধান স্থপতি এর সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়। খ) চট্রগ্রাম আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমুখি সম্প্রসারণের জন্য গণপূর্ত বিভাগ কর্তৃক দরপত্র আহবান করেছে। চট্রগ্রাম আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমুখি সম্প্রসারণের নিমিত্ত দ্রুত চেক প্রদান করতে হবে। গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের অভ্যন্তরে খালি জায়গায় নতুন ভবন নির্মাণের বিষয়ে গণপূর্ত বিভাগ থেকে কিছু তথ্য চাওয়া হয়েছে চাওয়া হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	ক) আরপিএটিসি ঢাকার নতুন ভবনের নকশা দ্রুত প্রণয়নের নিমিত্ত প্রধান স্থপতি এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) চট্রগ্রাম আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের অভ্যন্তরে খালি জায়গায় নতুন ভবন নির্মাণের বিষয়ে গণপূর্ত বিভাগ হতে চাহিত তথ্য জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আরপিএটিসি/সেবা)
১৩	নতুন আরপিএটিসি স্থাপন	ক) এমডিএস (এম অ্যান্ড ডি) ১৩ জানুয়ারি ২০২১ তারিখে রংপুর আরপিএটিসি পরিদর্শন করে বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেছেন। প্রস্তাবিত সকল আরপিএটিসি'র জন্য ৫ একর ভূমি অধিগ্রহণের কার্যক্রম গৃহীত হওয়ায় রংপুর আরপিএটিসি'র জন্য ৩ একর এর পরিবর্তে ৫ একর ভূমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণের প্রারম্ভিক উদ্যোগ হিসেবে জেলা প্রশাসক, রংপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক রংপুর এর কার্যালয় থেকে ভূমি মন্ত্রণালয় বরাবর ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে পুনঃনির্ধারিত ভূমির তফসিলসহ পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	ক) রংপুর আরপিএটিসি'র জন্য ৫ একর ভূমি প্রাপ্তির জন্য ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

		খ) ভূমি অধিগ্রহণের জন্য সিলেট জেলা প্রশাসন বরাবর সম্পূর্ণ অর্থ পরিশোধ করা হয়েছে। এমডিএস (এম অ্যান্ড ডি) এবং পরিচালক (এস টি অ্যান্ড আর সি) মহোদয় ০৭ জানুয়ারি ২০২১ তারিখে সিলেট পরিদর্শনপূর্বক জেলা প্রশাসক এবং ভূমি অধিগ্রহণ কর্মকর্তার সাথে মতবিনিময় করে ক্ষতিপূরণের অর্থ প্রদান ত্বরান্বিত করার জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়েছে। (গ) ময়মনসিংহ জেলা প্রশাসন থেকে প্রস্তাবিত ভূমির স্কেচম্যাপসহ তফসিল এবং মূল্য (আনুমানিক) পাওয়া গিয়েছে। প্রশাসনিক অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। ঘ) Expression of Interest (EOI) আহবান করার জন্য প্রস্তাব অনুমোদনের অপেক্ষায়। দ্রুত EOI আহবান করতে হবে এবং রাস্তার সম্মুখভাগের জমি অধিগ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপক গ্রহনের বিষয়ে আলোচনা হয়। (ঙ) কক্সবাজারে বিশেষায়িত আরপিএটিসি স্থাপন সংক্রান্ত জটিলতা নিরসনের উদ্দেশ্যে কেন্দ্রের এমডিএস (এম অ্যান্ড ডি) মহোদয় ২০ জানুয়ারি ২০২১ তারিখে কক্সবাজারের প্রস্তাবিত জায়গা পরিদর্শন ও জেলা প্রশাসনের সাথে মতবিনিময় করেন। পরবর্তীতে জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পুনঃনির্ধারিত তফসিল, স্কেচম্যাপ ও মূল্য দাপ্তরিকভাবে প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	খ) সিলেট আরপিএটিসি’র ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত ত্বরান্বিত করার জন্য জেলা প্রশাসন সিলেট এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। গ) ময়মনসিংহ আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ কার্যক্রমের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্য প্রেরণ করতে হবে। ঘ) বরিশাল আরপিএটিসি’র EOI দ্রুত আহবান করতে হবে এবং রাস্তার সম্মুখভাগের জমি অধিগ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঙ) কক্সবাজারে বিপিএটিসি’র বিশেষায়িত আরপিএটিসি স্থাপনের নিমিত্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক কক্সবাজার এর সাথে যোগাযোগ্য অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প)
১৪	বিপিএটিসিতে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা	ক) বিপিএটিসি’র চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। খ) ভবনটির ৫ম তলার ছাঁদ ঢালাই কাজ চলমান রয়েছে। ভবনের সার্বিক কাজ মানসম্পন্নভাবে নির্মাণের নিমিত্ত নিয়মিত তদারকি কার্যক্রম অব্যাহত রয়েছে।	ক) বিপিএটিসি’র চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। খ)১৫তলা ডরমিটরি ভবনের কাজ মানসম্পন্নভাবে নির্মাণের নিমিত্ত নিয়মিত তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও সকল প্রকল্প পরিচালক
	২০তলা বঙ্গাবন্ধু শেখ মুজিব একাডেমিক এন্ড প্রশাসনিক ভবন এর জন্য স্থান খালিকরণ ও পুরাতন প্রশাসনিক ভবন অপসারণ	ইতোমধ্যে অনুষদ ভবন-১ ভাঙ্গার কাজ শুরু করা হয়েছে। ২০তলা বঙ্গাবন্ধু শেখ মুজিব একাডেমিক অ্যান্ড প্রশাসনিক ভবন নির্মাণের লক্ষ্যে আরডিপিপি এর কাজ চলমান রয়েছে। আরডিপিপি অনুমোদনের পর ২০তলা বঙ্গাবন্ধু শেখ মুজিব একাডেমিক অ্যান্ড প্রশাসনিক ভবন উদ্বোধন করা হবে মর্মে আলোচনা হয়।	আরডিপিপি অনুমোদন এবং অনুষদ ভবন-১ ভাঙ্গার পর ২০তলা বঙ্গাবন্ধু শেখ মুজিব একাডেমিক এন্ড প্রশাসনিক ভবন উদ্বোধন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প)/ প্রকল্প পরিচালক, বিপিএটিসি প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (মেগা প্রকল্প)
১৫	জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ/ ২০২০-২০২১) উদ্‌যাপন	ক) মুজিববর্ষ ২০২০-২০২১ উপলক্ষ্যে বিশেষ সংখ্যা নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করা হবে। বঙ্গাবন্ধু স্মারক সিরিজ সেমিনার (১২টি) সম্পন্ন হয়েছে। খ) ‘বঙ্গাবন্ধু চেয়ার’ জনাব সেলিনা হোসেন, কথা সাহিত্যিক-এর সাথে কর্মপরিধি মোতাবেক লেখনি সংগ্রহ এবং অন্য সকল কার্যক্রম অব্যাহত আছে। বঙ্গাবন্ধু চেয়ার এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির সারসংক্ষেপ অনুমোদন হয়েছে।	ক) মুজিববর্ষ ২০২০-২০২১ উপলক্ষ্যে বিশেষ সংখ্যা নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করতে হবে। খ) কর্মপরিধি মোতাবেক ‘বঙ্গাবন্ধু চেয়ার’ জনাব সেলিনা হোসেন তার কার্যক্রম অব্যাহত রাখবেন। বাস্তবায়নে; পরিচালক (মুজিববর্ষ সেক্রেটারিয়েট) ও উপপরিচালক (প্রকাশনা)

১৬	জাতীয় দিবস উদযাপন	২৪ জানুয়ারি জাতীয় প্রশিক্ষণ দিবস, ২১ ফেব্রুয়ারি ২০২১ শহীদ দিবস আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস, ঐতিহাসিক ৭ মার্চ এবং ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। আগামী ১৭ মার্চ জাতির পিতার জন্মবার্ষিকী এবং ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় পালনের জন্য কর্মসূচি ও কমিটি গঠনের অফিস আদেশ জারি করা হয়েছে। ১৭ মার্চ, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০২১ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদায় পালনের বিষয়ে আলোচনা হয়।	১৭ মার্চ, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০২১ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদায় পালন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
১৭	ডেঙ্গু প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ	ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য কেন্দ্রের অফিস ও আবাসিক এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত আছে। খ) করোনা প্রতিরোধে সুরক্ষা সামগ্রী ক্রয় ও বিতরণ করা হচ্ছে। এ বিষয়ে কয়েকটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটিকে সক্রিয়ভাবে দায়িত্বপালনের বিষয়ে আলোচনা হয়।	ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য কেন্দ্রের অফিস ও আবাসিক এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ফগার মেশিন দিয়ে ঔষধ ছিটাতে হবে। খ) কেন্দ্রে করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি আরো সক্রিয়ভাবে দায়িত্ব পালন করবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) উপপরিচালক (সেবা) মেডিকেল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি
১৮	কেন্দ্রের চাকুরি প্রবিধানমালা ১৯৯২ মোতাবেক বিশেষ বেতন বর্ধন নীতিমালা ২০১২ সংশোধন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন	কেন্দ্রের চাকুরি প্রবিধানমালা ১৯৯২ মোতাবেক বিশেষ বেতন বর্ধন নীতিমালা ২০১২ সংশোধন সংক্রান্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত সভা করা সম্ভব হয়নি।বিশেষ বেতন বর্ধন সংক্রান্ত Indicators/ Parameter নির্ধারণের জন্য এমডিএস (পিঅ্যান্ডএস)-এর নেতৃত্বে একটি সভা করে সভার সিদ্ধান্ত রেক্টর-এর নিকট পেশ করতে হবে এবং বিষয়টি নিস্পত্তিপূর্বক সভার আলোচ্যসূচি হতে বাদ দেয়ার বিষয়ে আলোচনা হয়।	বিশেষ বেতন বর্ধন সংক্রান্তIndicators / Parameter নির্ধারণের জন্য এমডিএস (পিঅ্যান্ডএস)-এর নেতৃত্বে একটি সভা করে সভার সিদ্ধান্ত রেক্টর-এর নিকট পেশ করতে হবে। বিষয়টি দ্রুত নিস্পত্তিপূর্বক সভার এ্যাজেন্ডা হতে বাদ দিতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
১৯	কেন্দ্রের ৬৫তম বোর্ড সভার কার্যপত্র প্রস্তুতকরণ	কেন্দ্রের ৬৫তম বোর্ড সভার সময় ও তারিখ নির্ধারণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	কেন্দ্রের ৬৫তম বোর্ড সভার সময় ও তারিখ নির্ধারণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
২০	বিপিএটিসি’রDocumentaryপ্রস্তুত	বিপিএটিসি’র জন্য একটি মানসম্মত Documentary প্রস্তুতের জন্য ২১/০৩/২০২১ তারিখে গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। দ্রুত RFP প্রণয়ন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	বিপিএটিসি’র জন্য একটি মানসম্মত Documentary প্রস্তুতের জন্য দ্রুত RFP প্রণয়ন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি পরিচালক (প্রশাসন)
২১	অনুষদ সমন্বয় সভা এবং মাসিক প্রশাসনিক সমন্বয় সভার টিওআর নির্ধারণ	মাসিক প্রশাসনিক সমন্বয় সভা এবং অনুষদ সমন্বয় সভার টিওআর নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি পুনর্গঠন করে প্রশাসনিক সমন্বয় সভার টিওআর নির্ধারণপূর্বক আগামী সভায় উপস্থাপন করবে মর্মে আলোচনা হয়।	গঠিত কমিটি পুনর্গঠন করে প্রশাসনিক সমন্বয় সভার টিওআর নির্ধারণপূর্বক আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
২২	কেন্দ্রের মসজিদের ইমাম, মুয়াজ্জিন এবং খাদেম পদের বেতনস্কেল উন্নীতকরণ	কেন্দ্রের মসজিদের ইমাম, মুয়াজ্জিন এবং খাদেম পদের বেতনস্কেল উন্নীত করার জন্য ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এবং কেন্দ্রে নিয়োগবিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য/প্রমাণকসহ নথি উপস্থাপন করা হয়েছে মর্মে আলোচনা হয়।	ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে উল্লিখিত মুয়াজ্জিন এবং খাদেম পদের নিয়োগযোগ্যতা এবং বিপিএটিসি’র কর্মচারী চাকুরি প্রবিধানমালা ১৯৯২ এ উল্লিখিত মুয়াজ্জিন এবং খাদেম পদের নিয়োগযোগ্যতা কম থাকায় শুধু ইমাম পদের বেতনস্কেল উন্নীতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (প্রশাসন)

সভায় অন্য কোন আলোচনা না-থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রকিব হোসেন এনডিসি
রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১২৬.০৬.০১৫.১৫.৬২

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭
২৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিপিএটিসি'র কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

২) মেডিকেল অফিসার-১, স্বাস্থ্যসেবা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৩) মেডিকেল অফিসার-২, স্বাস্থ্যসেবা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক